

সৈকত বুলেটিন

জুন, ২০২২; সংখ্যা: ৩

আমাদের সম্পর্কে

রেডিও সৈকত উপকূলীয় জেলা কক্সবাজারভিত্তিক একটি কমিউনিটি রেডিও। উপকূলীয় মানুষের কথা তুলে ধরাই এই রেডিও'র প্রতিষ্ঠার মূল প্রেক্ষাপট। কক্সবাজারের নতুন প্রজন্ম বিশেষ করে কিশোর-কিশোরী, ছাত্র-ছাত্রী, যুবসমাজের মধ্যে জ্ঞানভিত্তিক ও মূল্যবোধসম্পন্ন একটি মানবিক সমাজ বিনির্মাণ রেডিও সৈকতের মূল প্রয়াস।

আমাদের লক্ষ্য

জ্ঞানভিত্তিক, সম্প্রীতি ও মানবাধিকারের প্রতি শ্রদ্ধাশীল, তথ্য-প্রযুক্তি জ্ঞানসম্পন্ন স্থানীয় জনগোষ্ঠী তৈরি করা; যারা একটি সমতা ও ন্যায্যতাভিত্তিক গণতান্ত্রিক সমাজ প্রতিষ্ঠায় ভূমিকা রাখবেন এবং প্রাণ-প্রকৃতি সুরক্ষায় তৎপর হবেন।

উল্লেখযোগ্য অনুষ্ঠানসমূহ

ক্রম	অনুষ্ঠানের নাম	ফাইনাল নাম
১	মুক্তিযুদ্ধ বিষয়ক অনুষ্ঠান	মুক্তির গান
২	শিক্ষা বিষয়ক অনুষ্ঠান	শিক্ষাঙ্গন
৩	কিশোরীদের নিয়ে অনুষ্ঠান	আমার ইচ্ছে
৪	শিশুদের অনুষ্ঠান	দূরন্ত
৫	উদ্যোক্তাদের নিয়ে অনুষ্ঠান	প্রেরণা
৬	তরুণদের নিয়ে অনুষ্ঠান	নবীন প্রাণ
৭	নারী বিষয়ক অনুষ্ঠান	বহিঃশিখা
৮	কৃষি বিষয়ক অনুষ্ঠান	কৃষাণ-কৃষাণী
৯	নারীর প্রতি সহিংসতা প্রতিরোধমূলক অনুষ্ঠান	প্রীতিলতা
১০	মৎস্যজীবীদের নিয়ে অনুষ্ঠান	জল ও জীবন
১১	শান্তি-সম্প্রীতি নিয়ে অনুষ্ঠান	সম্প্রীতি
১২	তথ্য-প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠান	হাইটেক
১৩	স্বাস্থ্য, খাদ্য ও পুষ্টি নিয়ে অনুষ্ঠান	স্বাস্থ্য কথা
১৪	প্রতিবন্ধীদের নিয়ে অনুষ্ঠান	তারার আলো

কক্সবাজারের রন্ধনশিল্পী নারীদের এগিয়ে যাওয়ার প্রেরণা শাহরিন

নারী মানে রান্নাঘর, নারী মানে সন্তান লালন পালন, নারী মানে ঘর বন্দী এমন চিন্তা থেকে বের হওয়ার সময় এসে গেছে। আজকে আমরা কথা বলছি এমন একজন নারীর কথা যিনি কক্সবাজারের নারীদের একজন আইডল বললে বেশি ভুল হবে না।

বলছি শাহরিন জাহান ইফতার কথা। শাহরিন জাহান ইফতা তার ছোট সন্তান অল্প সময়ে মারা যাওয়ার পর ভেঙ্গে পড়লে তার স্বামীর সহযোগিতায় তিনি সামনের দিকে এগিয়ে যান। তিনি যখন অনেক বেশি ভেঙে পড়েন সেখান থেকে বের হয়ে আসার জন্য তিনি নিজেকে ব্যস্ত রাখার পথ খোঁজেন।

তিনি প্রথমেই শুরু করেন একটি রান্নার পেইজ দিয়ে যেখানে কক্সবাজারের নারীরা তাদের মজার মজার রান্না গুলো শেয়ার করেন। আর এভাবেই নিজের জন্য কিছু একটা করার চিন্তা থেকেই তার উদ্যেক্তা হয়ে উঠা। এখন তিনি কাজ করছেন হোমমেইড খাবার নিয়ে।

ShahrinOs Cuisine & Bake তার পেইজের নাম। বার্থ ডে থেকে শুরু করে অনেক অনুষ্ঠানে তিনি খাবারের অর্ডার পেয়ে থাকেন। ইফতার উদ্যেক্তা জীবনে খুব বেশি বাধার সম্মুখীন হতে হয়নি বলে তিনি জানান। তার স্বামী এবং তার পরিবারের সহযোগিতায় তিনি আজ অদম্যের মতো এগিয়ে যাচ্ছেন সামনের দিকে।

ইফতার মতো সব নারীরাই তাদের পরিবার এবং জীবন সঙ্গীর সাথে এগিয়ে যাক সামনের দিকে, এমনটা ই প্রত্যাশা রেডিও সৈকতের।



রন্ধনশিল্পী শাহরিনের স্বাক্ষাৎকার নিচ্ছেন, আনিকা তাসনিম।
স্থান: খুরুশকুল, কক্সবাজার, ছবি: সম্পা দাস, তারিখ: ২৯ মে, ২০২২।

মৃত্তিকা কাদের এবার খুঁজে পেয়েছেন নিজের পরিচয়

বর্তমানে করোনা মহামারির সময় থেকে জনপ্রিয় হয়ে উঠেছে অনলাইন মার্কেটিং এর মাধ্যমে সহজ পণ্য ক্রয়-বিক্রয়। অল্প সময়ে অনলাইন মার্কেটিং এর মাধ্যমে জনপ্রিয়তা পাওয়া যায়। বর্তমানে অনলাইন মার্কেটিং এর মাধ্যমে নতুন নতুন উদ্যোক্তার উদ্ভব হচ্ছে। চাকরির পাশাপাশি অনেকেই অনলাইন মার্কেটিং এর মাধ্যমে নিজেকে একজন উদ্যোক্তা হিসেবে গড়ে তুলেছেন।

প্রেরণা অনুষ্ঠানের জন্য আমরা গিয়েছিলাম একজন নারী উদ্যোক্তার কাছে। তার নাম মৃত্তিকা কাদের। তিনি অর্থনীতি নিয়ে তার পড়ালেখা শেষ করেছেন। বর্তমানে দুই পুত্র সন্তানের জননী এবং একজন সফল নারী উদ্যোক্তা। করোনা মহামারিতে যখন জনজীবন ছিল বিপদগ্রস্ত মানুষ ছিল ঘরবন্দি। সেই মুহুর্তে তার মাথায় আসে অনলাইন মার্কেটিং এর কথা। তিনি প্রথমে ‘মৃত্তিকা মায়া’ নামে একটি পেইজ খোলেন। মূলত মেয়েদের কাপড় নিয়ে কাজ করেন।

তাছাড়া ঘরের পর্দা, চাদর এইগুলো নিয়ে কাজ করেন। তার সকল পণ্যে দেশীয় শিল্পের ছোঁয়া। দেশীয় শিল্পকে এগিয়ে নিয়ে যাওয়া তার মূল লক্ষ্য ও উদ্দেশ্য। মৃত্তিকা বলেন তার সবসময় একটা ইচ্ছে ছিল সে নিজে একটা কিছু করবে এবং নিজের একটা পরিচয় থাকবে। পোশাকের প্রতি একটা আলাদা ঝোঁক ছিল এবং সুন্দরভাবে নিজেকে প্রেজেন্ট করতে ভাল লাগত।

তিনি আরো বলেন করোণাকালীন সময়ে যখন সবাই ঘরবন্দি ছিল তখন মোবাইল স্ক্রলিং করা ছাড়া কাজ ছিল না। তখন বিভিন্ন লাইভ এবং তাদের প্রেজেন্টেশন দেখে তিনি উৎসাহ পান এবং এই চিন্তাভাবনা থেকে তার উদ্যোক্তা হয়ে ওঠা। তার সফল উদ্যোক্তা হওয়ার পিছনে তার স্বামীর প্রেরণা ছিল এবং তিনি সবসময় তার পুরো পরিবার ও বন্ধুবান্ধবকে পাশে পেয়েছেন।

শুনলাম একজন নারীর প্রতিভা ও সাহসের জোরে সফল হওয়ার গল্প। পরিবারের সহযোগিতা একজন নারীর জন্য প্রেরণা হিসেবে কাজ করে। তাই যতটা সম্ভব নারীকে তার প্রতিভা বিকাশে সহায়তা করুন।



সফল উদ্যোক্তা মৃত্তিকার সাক্ষাৎকার নিচ্ছেন তানিয়া পিথিকি। ছবি: আনিকা তাসনিম। স্থান: গোল দাঁঘির পাড়, তারিখ: ১৯ এপ্রিল, ২০২২।

শ্রোতা মতামত

* সাধারণ জ্ঞান ভিত্তিক অনুষ্ঠান শুনতে চান মধ্যম কুতুবদিয়া পাড়ার আব্দুল্লাহ আল সিফাত।

* খুবশকুল অশ্রয়ন প্রকল্প শ্রোতা ক্লাবের সদস্য মো. আরফুল্লাহ ও তাজুল ইসলাম ফেসবুক একটিভিডি বাড়ানোর কথা বলেন। আমরা নিয়মিত ফেসবুক কনটেন্ট আপলোড করছি।

* নারীদের এগিয়ে চলার গল্প নিয়ে অনুষ্ঠান ‘প্রেরণা’ অনুষ্ঠানটি ভালো লাগে এবং নিজেও কিছু করার চেষ্টা করছেন সমিতপাড়া গৃহীনি শ্রোতা ক্লাবের সদস্য হান্না বেগম।



সমিতপাড়া গৃহীনি শ্রোতা ক্লাবের সদস্যরা মিলে শুনছেন রেডিও সৈকত। স্থান: সমিত পাড়া, কক্সবাজার। ছবি: সূচী।

যোগাযোগ: গুলফান আরা হুরী, সমন্বয়কারী কমিউনিটি রেডিও, ফোন: ০১৭১৩-৩২৮৮৪৬।
কোর্স্ট কক্সবাজার সেন্টার, হাউজ: ৭৫, ব্লক: এ, লাইট হাউজ রোড, কলাতলি, কক্সবাজার।